৫২

দৈনিক সংবাদ

তারিখ 02 OCT 1988
পৃষ্ঠা ৬ কলাম ৮

# ময়মনসিংহ মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ

ময়মনসিংহ, ১লা অক্টোবর (নিজস্ব সংবাদদাতার ফোন)।— ময়মনসিংহ চিকিৎসা মহাবিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। ছাত্রদের আগামীকাল সকাল ৮টার মধ্যে এবং ছাত্রীদের দুপুর ১২টার মধ্যে ছাত্রাবাস ত্যাগের নির্দেশ দেয়া

(শেষ পৃ: ২-এর ক: দেখুন)

**ময়মনসিংহ**

(১ম পাতার পর)

হয়েছে।

গতকাল বাঘমারা ছাত্রাবাসে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগের (হা-অ) মধ্যে সংঘর্ষের প্রেক্ষিতে কলেজ শিক্ষক পরিষদের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সংঘর্ষে তিনজন ছাত্র আহত হয়। আহতদের মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের ছাত্রদল সদস্য বলে দাবী করা হয়।